গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১

**বিষয়: ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র মাসিক (আগস্ট/২০২০) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাকিউন নাহার বেগম এনডিসি<br>অতিরিক্ত সচিব |
| তারিখ | : | ২৩-০৮-২০২০ খ্রি: |
| সময় | : | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের সাফল্য পরিমাপ ও মূল্যায়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ কারনে বস্তুনিষ্ঠভাবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও এর সুষ্ঠু বাস্তবায়ন এবং যথাযথ মূল্যায়ন অপরিহার্য।

০২। সভায় প্রথমেই মন্ত্রণালয় অত:পর আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন নিয়ে আলোচনা করা হয়। সকল দপ্তর/সংস্থাকে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে দাখিল করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের হার সন্তোষজনক নয় তা বৃদ্ধি করার জন্য দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়। বিশেষ করে যে সকল সূচকের লক্ষ্যমাত্রা হিসেবে নিদিষ্ট তারিখ নির্ধারণ করা হয়েছে তা নির্ধারিত তারিখের মধ্যে সম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাকে কাজ করতে হবে।

০৩। বিশ্বব্যাপী করোনা মহামারী পরিস্থিতি বিবেচনা করে ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য মন্ত্রণালয়ের এপিএ টীমের সকল সদস্য মতামত ব্যক্ত করেন। লক্ষ্যমাত্রা যেন অর্জনযোগ্য হয় সেদিকে এপিএ টীমসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য বিশেষভাবে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়ের নির্ধারিত সুচকের অগ্রগতির মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ের সংস্থাপন শাখায় প্রেরণ করা প্রয়োজন মর্মে আলোচনা করা হয়।

০৪। আলোচনান্তে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা তাদের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ের সংস্থাপন-১ শাখায় প্রেরণ করবে।

খ) মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর যত্নবান হতে হবে।

০৫। অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৯/2020

(সাকিউন নাহার বেগম এনডিসি)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম প্রধান